গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৮৬

তারিখ: ২ কার্তিক ১৪২৯
১৮ অক্টোবর ২০২২

বিষয়: **খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজে যাচাইকৃত ও বাদ পড়া ভোক্তার তালিকা প্রেরণ।**

সূত্র: (ক) খাদ্য মন্ত্রণালয়ের ১১/১০/২০২২ তারিখের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.৩৯৫
(খ) খাদ্য অধিদপ্তরের ১৩/১০/২০২২ তারিখের কারিগরি কমিটির সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সারাদেশে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম ১৭/১০/২০২২ তারিখে সমাপ্ত হয়। যাচাই কার্যক্রম শেষে প্রতিটি বিভাগের মোট আপলোডকৃত ভোক্তা, যাচাইকৃত ভোক্তা, বাদ পড়া ভোক্তার সংখ্যা এবং সেপ্টেম্বর/২২ মাসের উত্তোলিত চাল ও বিক্রয়কৃত চালের পরিমাণ নির্ধারিত নিম্নোক্ত ছক মোতাবেক **আগামী ২০/১০/২০২২ তারিখের মধ্যে** প্রদান করতে হবেঃ

**বিভাগঃ**

| ক্রমিক নং | জেলা | মোট ভোক্তা সংখ্যা | আপলোডকৃত ভোক্তা সংখ্যা | যাচাইকৃত ভোক্তা সংখ্যা | বাদ পড়া ভোক্তা সংখ্যা (ক্যাটাগরির নামসহ) | সেপ্টেম্বর/২২ মাসে চাল বিতরণকৃত মোট ভোক্তা | সেপ্টেম্বর/২২ মাসে মোট উত্তোলন (মে.টন) | সেপ্টেম্বর/২২ মাসে মোট বিতরণ (মে.টন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

উল্লেখ্য, যাচাই কার্যক্রম সমাপ্তির পর বাদ পড়া ভোক্তার স্থলে ইউনিয়নের প্রাপ্যতা অনুযায়ী উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে নতুন ভোক্তা অন্তর্ভুক্ত করা যাবে যা ১৮/১০/২০২২ হতে ৩১/১০/২০২২ তারিখ পর্যন্ত চলমান থাকবে। নতুন ভোক্তা তালিকা চূড়ান্ত হবার পর জেলা খাদ্য নিয়ন্ত্রকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তালিকাটি সিস্টেমে আপলোডের ব্যবস্থা করবেন এবং ইউডিসি উদ্যোক্তাদের মাধ্যমে যাচাই করে ডাটাবেজে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করবেন। নতুন ভোক্তাগণ যাচাই সাপেক্ষে নভেম্বর/২২ মাসের খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন।

এছাড়া, ডিজিটাল ডাটাবেজের সফটওয়ারে খাদ্যবান্ধব কর্মসূচির ৩০/০৪/২০২২ তারিখের তালিকা আপলোডের সিদ্ধান্ত থাকা সত্ত্বেও কোন কোন ইউনিয়নে উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদন ব্যতীত ভোক্তা সিস্টেমে আপলোড করা হয়ে থাকলে এসকল ভোক্তা চিহ্নিতকরত উপজেলা খাদ্যবান্ধব কমিটির নিকট সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : সভার কার্যবিবরণী সংযুক্তি ।

১৮-১০-২০২২

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৮৬/১(৬৭)

তারিখ: ২ কার্তিক ১৪২৯
১৮ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

১৮-১০-২০২২

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা

উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

## খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল তালিকা প্রণয়নের নিমিত্ত ১৩/১০/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতিঃ আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
সভার স্থানঃ মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষ
সভায় অংশগ্রহণকারীবৃন্দঃ কারিগরি কমিটির সদস্যবৃন্দ
সভার তারিখঃ ১৩/১০/২০২২ খ্রিঃ।
সভার সময়ঃ দুপুর ২.০০ ঘটিকা।

**আলোচনাঃ**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে জানান যে, সারাদেশে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন যে, খাদ্য মন্ত্রণালয়ের গত ১১/১০/২০২২ তারিখের ৩৯৫ নং স্মারকের পত্র অনুযায়ী, আগামী ১৭/১০/২০২২ তারিখ পর্যন্ত চলমান যাচাই কার্যক্রম অব্যাহত থাকবে। পরবর্তীতে ১৭/১০/২০২২ তারিখে যাচাই কার্যক্রম সমাপ্তির পর বাদ পড়া ভোক্তার স্থলে প্রাপ্যতা অনুযায়ী উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে নতুন ভোক্তা অন্তর্ভুক্ত করা যাবে যা ১৮/১০/২০২২ হতে ৩১/১০/২০২২ তারিখ পর্যন্ত চলমান থাকবে। নতুন ভোক্তা তালিকা চূড়ান্ত হবার পর সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তালিকাটি সিস্টেমে আপলোডের ব্যবস্থা করবেন এবং ইউডিসি উদ্যোক্তাদের মাধ্যমে যাচাই করে ডাটাবেজে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করবেন। নতুন ভোক্তাগণ যাচাই সাপেক্ষে নভেম্বর/২২ মাসের খাদ্যশস্য উত্তোলন করবেন। ফলে, নতুন ভোক্তাদের তালিকা সিস্টেমে আপলোড ও যাচাই সম্পন্নের জন্য সফটওয়ার প্রস্তুতকারক প্রতিষ্ঠান বেক্সিমকো কম্পিউটারস লিঃ কে সফটওয়ার প্রস্তুত রাখতে হবে তিনি জানান। এছাড়া, ১৭/১০/২০২২ তারিখে যাচাই সমাপ্তির পরবর্তী দিন বেক্সিমকো কম্পিউটারস লিঃ কে যাচাইয়ের পূর্ণাঙ্গ একটি প্রতিবেদন দাখিল করতে হবে। এ বিষয়ে, বেক্সিমকো কম্পিউটারস লিঃ এর ডেপুটি জেনারেল ম্যানেজার শরীফ মোহাম্মদ শাহীন জানান যে, বর্তমানে চলমান যাচাই আগামী ১৭/১০/২০২২ তারিখে সমাপ্তির পরবর্তী দুই দিন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক যাচাইয়ের জন্য সময় প্রয়োজন। এছাড়াও, সফটওয়ারের রক্ষণাবেক্ষণ ও নতুন সংযোজনের জন্য সময় প্রয়োজন। ফলে, তিনি যাচাইয়ের পূর্ণাঙ্গ প্রতিবেদন ২০/১০/২০২২ তারিখে দাখিল করার অনুরোধ জানান। এমতাবস্থায়, সভাপতি সভায় উপস্থিত কারিগরি কমিটির সকলকে মতামত প্রদানের আহবান জানান।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

(ক) খাদ্য মন্ত্রণালয়ের গত ১১/১০/২০২২ তারিখের ৩৯৫ নং স্মারকের পত্র অনুযায়ী, গত এপ্রিল/২২ মাস হতে শুরু হওয়া খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের যাচাই কার্যক্রম আগামী ১৭/১০/২০২২ তারিখ রাত ১২ ঘটিকায় সমাপ্ত হবে। এ বিষয়ে বেক্সিমকো কম্পিউটারস লিঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(খ) ১৭/১০/২০২২ তারিখে যাচাই কার্যক্রম সমাপ্তির পরবর্তী ২ (দুই) দিন উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক যাচাইয়ের জন্য নির্ধারিত থাকবে;

(গ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক চূড়ান্ত যাচাই সমাপ্তির পর আগামী ২০/১০/২০২২ তারিখে সফটওয়ার নির্মাতা প্রতিষ্ঠান বেক্সিমকো কম্পিউটারস লিঃ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে। উক্ত প্রতিবেদনে মোট ভোক্তার মধ্যে যাচাই সম্পন্ন ভোক্তার সংখ্যা, বাদ পড়া ভোক্তার সংখ্যা, বাদ পড়া ভোক্তাদের বাদ পড়ার কারণসহ সংশ্লিষ্ট সকল তথ্য থাকবে। এছাড়া, জেলা, উপজেলা ও ইউনিয়নওয়ারী বাদ পড়া ভোক্তার সংখ্যা প্রতিবেদনে উল্লেখ করতে হবে;

(ঘ) ভোক্তা যাচাই কার্যক্রম সমাপ্তির পর আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ হতে নির্ধারিত ফরম্যাটে সংশ্লিষ্ট বিভাগের যাচাইয়ের তথ্য নিয়ে সেটি বেক্সিমকো কম্পিউটারস লিঃ হতে প্রাপ্ত তথ্যের সাথে যাচাই করতে হবে;

(ঙ) খাদ্য মন্ত্রণালয়ের গত ১১/১০/২০২২ তারিখের ৩৯৫ নং স্মারকের পত্র অনুযায়ী, ১৭/১০/২০২২ তারিখে যাচাই কার্যক্রম সমাপ্তির পর বাদ পড়া ভোক্তার স্থলে প্রাপ্যতা অনুযায়ী উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে নতুন ভোক্তা অন্তর্ভুক্ত করা যাবে যা ১৮/১০/২০২২ হতে ৩১/১০/২০২২ তারিখ পর্যন্ত চলমান থাকবে। নতুন অন্তর্ভুক্ত ভোক্তারা যাচাই সম্পন্ন হওয়া সাপেক্ষে নভেম্বর/২২ মাসের খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন। নতুন অন্তর্ভুক্ত ভোক্তাদের অক্টোবর/২২ মাসে খাদ্যশস্য উত্তোলনের কোনো সুযোগ নেই;

(চ) অক্টোবর/২২ মাসের সফটওয়ার থেকে অটো জেনারেটেড মাস্টাররোলে নতুন অন্তর্ভুক্ত ভোক্তাদের রাখা যাবে না। অর্থাৎ, ১৭/১০/২০২২ তারিখের মধ্যে যাদের যাচাই সম্পন্ন হবে সেসকল ভোক্তার তথ্যই মাস্টাররোলে অন্তর্ভুক্ত থাকবে;

(ছ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক চূড়ান্ত যাচাই ও পরবর্তীতে নতুন ভোক্তা অন্তর্ভুক্তি ও যাচাইয়ের বিষয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(জ) সফটওয়ারে প্রদর্শিত আংশিক যাচাইকৃত ভোক্তা, বিভিন্ন কারণে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক ইউডিসিতে পুনরায় ফেরত (ছবি থেকে ছবি তোলায় ফেরত, NID হতে প্রাপ্ত ছবির সাথে বর্তমানে ছবির ব্যক্তি ভিন্ন হওয়ায় ফেরত, ছবির গুণগত মান ঠিক না থাকায় ফেরত) পাঠানো ভোক্তা ১৭/১০/২০২২ এর মধ্যে যাচাই সম্পন্ন না করলে তাদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপজেলা খাদ্যবান্ধব কমিটির নিকট উপস্থাপন করতে হবে;

(ঝ) ডিজিটাল ডাটাবেজের সফটওয়ারে ৩০/০৪/২০২২ তারিখের তালিকা আপলোডের সিদ্ধান্ত থাকা সত্ত্বেও কোন কোন ইউনিয়নে উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদন ব্যতীত ভোক্তা সিস্টেমে আপলোড করা হয়ে থাকলে এসকল ভোক্তা চিহ্নিতকরত উপজেলা খাদ্যবান্ধব কমিটির নিকট সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে;

(ঞ) প্রতিটি ইউনিয়নে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মোট ভোক্তার সংখ্যা সফটওয়ারে নির্দিষ্ট থাকবে। নতুন ভোক্তা অন্তর্ভুক্তির ক্ষেত্রে কোনভাবেই ইউনিয়নের অনুমোদিত মোট প্রাপ্য ভোক্তার সংখ্যা অতিক্রম করা যাবে না;

(ট) উপজেলা খাদ্যবান্ধব কমিটিতে নতুন তালিকা অনুমোদনের পর সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভার কার্যবিবরণী ও নতুন তালিকা জেলা খাদ্যবান্ধব কমিটির জ্ঞাতার্থে জেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে। জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা খাদ্যবান্ধব কমিটিকে অবহিতপূর্বক উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদিত তালিকা সফটওয়ারে আপলোডের অনুমতি প্রদান করবেন;

(ঠ) নতুন ভোক্তার তালিকা সফটওয়ারে আপলোডের সময় ভোক্তার জন্মতারিখ, ভোক্তার স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্র নাম্বার ও জন্মতারিখ এবং সংশ্লিষ্ট ডিলারের জাতীয় পরিচয়পত্র নাম্বার যুক্ত করতে হবে;

(ড) কোন একটি ইউনিয়নে প্রাপ্যতা মোতাবেক প্রাপ্য নতুন ভোক্তার তালিকা সফটওয়ারে একবারই আপলোড করা যাবে। ফলে সতর্কতার সাথে সফটওয়ারে নতুন তালিকা আপলোড করতে হবে। আপলোড করার জন্য নতুন নমুনা ফাইল বেক্সিমকো কম্পিউটারস লিঃ কর্তৃপক্ষ থেকে WhatsApp এর TOT গ্রুপে আপলোড করতে হবে এবং সফটওয়ার থেকেও ডাউনলোড করার ব্যবস্থা রাখতে হবে;

(ঢ) রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়া ডিলারদের জাতীয় পরিচয়পত্রের মাধ্যমে যাচাই কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(ণ) সফটওয়ার থেকে বিভিন্ন ধরনের রিপোর্ট (নারীপ্রধান পরিবারের সংখ্যা, প্রতিবন্ধী সংখ্যা, বিধবা সংখ্যা ইত্যাদি ) ডাউনলোডের অপশন তৈরি করতে হবে;

(ত) আগামী মার্চ-এপ্রিল/২৩ প্রান্তিক হতে খাদ্যবান্ধব কর্মসূচির উত্তোলন ও বিক্রয় পরিমাণ সফটওয়ারে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(থ) Geographical Code অনুযায়ী খাদ্যবান্ধব কর্মসূচির নতুন কার্ড নাম্বার জেনারেট করতে হবে। তবে, পাশাপাশি পুরাতন কার্ড নাম্বারও সংরক্ষণ সিস্টেমে করতে হবে;

(দ) ডিলার পর্যায়ে কোন মাসের উত্তোলিত চাল উক্ত মাসে ভোক্তাদের নিকট বিক্রয় সম্পন্ন না হলে তা পরবর্তী মাসের মজুতের সাথে সমন্বয় করতে হবে। তবে, ভোক্তা পর্যায়ে পূর্ববর্তী মাসের অনুত্তোলিত চাল পরবর্তী মাসে উত্তোলনের সুযোগ নেই।

সভায় আর কোন বক্তব্য না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/১০/২০২২

আব্দুল্লাহ আল মামুন
অতিরিক্ত মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর।

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।
১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩) প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)
৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৬) জনাব সাজ্জাদ ওয়াহিদ, সিস্টেম এডমিনিস্টেটর, বুয়েট।
৭) জনাব মঞ্জুরুল করিম খান, প্রকল্প পরিচালক, বেক্সিমকো কম্পিউটারস্ লিমিটেড।
৮) জনাব নাসিফ জাকী, কনসালটেন্ট (প্রজেক্ট কো অর্ডিনেটর), পিডব্লিউসি।
৯) জনাব নেফাউল ইসলাম জেনারেল ম্যানেজার বেক্সিমকো কম্পিউটারস লিঃ
১০) জনাব শরীফ মোহাম্মদ শাহীন, ডেপুটি জেনারেল ম্যানেজার,বেক্সিমকো কম্পিউটারস লিঃ
১১) জনাব মাহমুদুর রহমান পলাশ, অ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার, বেক্সিমকো কম্পিউটারস লিঃ